গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি)
ব্রি স্যাটেলাইট স্টেশন, ময়মনসিংহ
www.brri.gov.bd

# ব্রি স্যাটেলাইট স্টেশন, ময়মনসিংহ এর ম্যান্ডেট

জলবায়ু পরিবর্তন এবং ক্রমহ্রাসমান সম্পদ এর চ্যালেঞ্জ মোকাবেলা করে বর্ধিষ্ণু জনসংখ্যার খাদ্য নিশ্চিতকরনে বিশেষ করে বাংলাদেশের উত্তর দক্ষিণাঞ্চলের সমতল ও টিলা বেষ্টিত কৃষকদের অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের জন্য প্রতিকুল পরিবেশ উপযোগী গবেষণা যথা আগাম বন্যা, তাপ এবং ঠান্ডা সহনশীল জাত উদ্ভাবন ও সম্প্রসারণ, যুগোপযোগী ও লাভজনক শস্যবিন্যাস এবং ধান উৎপাদনে লাগসই প্রযুক্তি উদ্ভাবন। ধানের ব্লাস্ট দমনে/প্রতিরোধে প্রযুক্তি উদ্ভাবন এবং ধানের মাজরা, পাতা মোড়ানো পোকা, এবং বাদামী ঘাস ফড়িং সহ অন্যান্য ক্ষতিকর পোকা দমন ব্যবস্থাপনা প্রযুক্তি উদ্ভাবন/উন্নয়ন ও কৃষক পর্যায়ে সম্প্রসারণ। ব্রি-র বিভিন্ন গবেষণা বিভাগের আঞ্চলিক গবেষণা কার্যক্রম যেমন, ধানের জাত, শস্য বিন্যাস, সেচ ব্যবস্থাপনা, কৃষি তাত্ত্বিক ব্যবস্থাপনা, ধান চাষাবাদ বিভিন্ন প্রযুক্তির এবং খামার যন্ত্রপাতির স্থানীয় উদ্ভাবন এবং বাস্তবায়নে কারিগরি ও অন্যান্য বিবিধ সহয়তা প্রদান।